



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



তারিখ : ০৬/০১/২০২২

নং- ঢাশিবো/বি/৩৫০/নতুন/ঢাকা/ ১৫৯

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৬/০৮/২০২১ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৫.২১.৩৮৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে রত্নগর্ভা ফরিদা জামান স্কুল এন্ড কলেজ -এ ০১/০১/২০২২ তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মানবিক বিভাগে মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ

- ১। নবম শ্রেণি খোলার অনুমতিকে কোন অবস্থাতে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) বছরের মধ্যে নিম্ন মাধ্যমিক একাডেমিক স্বীকৃতি অনুমোদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যথায়, এ আদেশ বাতিল করা হবে।
- ৩। বিদ্যালয়ের নবম/২১ সনের ছাত্র-ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
- ৪। বিদ্যালয়ের কোড নম্বরপ্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে বোর্ডে দাখিল করতে হবে।
- ৫। বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী ও ফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে মাধ্যমিক একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
- ৬। স্টাপিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।
- ৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
- ৮। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- ৯। বিদ্যালয়ের আঙ্গিনায় ছোট-বড় বৃক্ষ রোপণ করে পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
- ১০। সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ১১। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১২। শিক্ষক কর্মচারি নিয়োগের ক্ষেত্রে বোর্ডের প্রচলিত বিধিমালা অনুসরণ করতে হবে এবং নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ১৩। ব্যাক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৪/২০২১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে মাধ্যমিক স্কুলের জন্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা যৌথনামে (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ম্যানেজিং কমিটির সভাপতি এবং জেলা শিক্ষা অফিসার) শিক্ষা প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



প্রফেসর মোহাম্মদ আবুল মনসুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



প্রাপক : প্রধান শিক্ষক

রত্নগর্ভা ফরিদা জামান স্কুল এন্ড কলেজ
প্রগতি স্মরণী, মধ্যবাডা, ঢাকা।

মেমো নং- ১৫৯(১)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৯। অফিস কপি।

তারিখ : ০৬/০১/২০২২

বিদ্যালয় পরিদর্শক